



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং-৯২৪/ক/অনঃ/২০১৮(অংশ-২)/৪৫৭

তারিখ: ১৭/০৪/২০২৪

বিষয়: ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে উচ্চমাধ্যমিক পর্যায়ে ইংলিশ ভাষনে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) অধ্যক্ষের পত্র নং- সিএএসসি/কুর্মি/০৬৯/০১/২১/৪৮ক, তারিখ: ১৮/০২/২০২৪ এর আবেদন।

(২) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর ০৫/০৩/২০২৪ তারিখের পরিদর্শন প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্তসমূহ এবং শাখা ও বিষয়সমূহসহ ঢাকা মহানগরের কুর্মিটোলা ক্যান্টনমেন্ট থানায় অবস্থিত "সিভিল এডিয়েশন স্কুল এন্ড কলেজ" -এ ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে উচ্চমাধ্যমিক পর্যায়ে ইংলিশ ভাষনে মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখায় পাঠদানের অনুমতি প্রদান করা হলো। এই অনুমতি কে কোনক্রমেই একাডেমিক স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ	আর্বাশিক	মানবিক শাখা	ব্যবসায় শিক্ষা শাখা	বিজ্ঞান শাখা
(১) মানবিক	(১) বাংলা	(১) পৌরনীতি ও সুশাসন	(১) হিসাব বিজ্ঞান	(১) পদার্থ বিজ্ঞান
(২) ব্যবসায় শিক্ষা	(২) ইংরেজি	(২) সামাজিক বিজ্ঞান	(২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা	(২) রসায়ন বিজ্ঞান
(৩) বিজ্ঞান	(৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	(৩) ইতিহাস	(৩) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন	(৩) জীব বিজ্ঞান
		(৪) কৃষি শিক্ষা	(৪) ফিন্যান্স ব্যাংকিং ও বীমা	(৪) উচ্চতর গণিত
			(৫) পরিসংখ্যান	

শর্তসমূহ :

- নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) নিজস্ব অর্থায়নে পরিচালিত হবে ;
- আগামী ০১(এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে ;
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না ;
- উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না ;
- সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে ;
- বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে ;
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে ;
- চলমান ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর নিয়মিত/এডহক কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন নিতে হবে ;
- এই অনুমতির মেয়াদ আগামী ৩ (তিন) বছর কার্যকর থাকবে ;
- শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুসরণ করতে হবে ;
- কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বনুমতি ছাড়া উঠানো যাবে না ;
- কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সব সময় জমা রাখতে হবে ;
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে ;
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে ;
- উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- মানবিক শাখায় ১০০ জন ব্যবসায় শিক্ষা শাখায় ১০০ জন বিজ্ঞান শাখা ১০০ জন ;
- প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়ে) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে ;  
(ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;  
(খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;  
(গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার রশিদ ;
- উপরোক্ত শর্ত পালনে ব্যর্থ হলে এই অনুমতি প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ-

প্রফেসর আবু তালেব মোঃ মোয়াজ্জেম হোসেন  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ০২-৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ

সিভিল এডিয়েশন স্কুল এন্ড কলেজ, কুর্মিটোলা (EIH : 108543)

কুর্মিটোলা, গুলশান, ঢাকা।

মেমো নং : ৪৫৭(৭)

তারিখ : ১৭/০৪/২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল

- সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা
- পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা
- জেলা প্রশাসক, ঢাকা
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- অফিস কপি

১৭/০৪/২০২৪  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা